

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৬০

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১. সালাতের সময়সমূহ - ফজরের সালাত স্পষ্ট সুবহে সাদিক্ ও আলোকজ্জ্বল ভোরে পড়া মুস্তাহাব

আরবী

وَعَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ _ رضي الله عنه _ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ _ صلى الله عليه وسلم: «أَصْبِحُوا بِالصّبْحِ فَإِنّهُ أَعْظَمُ لِأُجُورِكُمْ». رَوَاهُ الْخَمْسَةُ, وَصَحَّحَهُ التِّرْمِذِيُّ, وَابْنُ حِبَّانَ

صحيح. رواه أبو داود (424)، والنسائي (172)، والترمذي (154)، وابن ماجه (672)، وأحمد (3/ 465 و 440 و 142 و 143)، وابن حبان (1490)، (1491) وفي لفظ: «أعظم للأجر»، وفي أخر: «لأجرها». وقال الترمذي: «حديث رافع بن خديج حديث حسن صحيح». ومعنى «أسفروا»: أراد صلى الله عليه وسلم في الليالي المقمرة التي لا يتبين فيها وضوح طلوع الفجر؛ لئلا يؤدي المرء صلاة الصبح إلا بعد التيقن بالإسفار بطلوع الفجر، فإن الصلاة إذا أديت كما وصفنا كان أعظم للأجر من أن تصلى على غير يقين من طلوع الفجر. قاله ابن حبان. ومن قبل ذلك نقل الترمذي عن الشافعي وأحمد وإسحاق أنهم قالوا: معنى الإسفار: أن يضح الفجر فلا يشك فيه

বাংলা

১৬০। রাফি' বিন খাদীজ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ফজরের সালাত স্পষ্ট সুবহি সাদিক হলে আদায় করা। কেননা তা তোমাদের জন্য অধিক পুণ্যের কারণ। তিরমিয়ী ও ইবনু হিব্বান একে সহীহ বলেছেন।[1]



ফুটনোট

[1] আবু দাউদ ৪২৪; নাসায়ী ১৭২; তিরমিয়ী ১৫৪; ইবনু মাজাহ ৬৭২; আহমাদ ৩/১৪০, ১৪২, ১৪৩, ৪৪০, ৪৬৫; ইবনু হিব্বান ১৪৯০, ১৪৯১; ইমাম তিরমিয়ী বলেন: রাফে বিন খাদীজ এর হাদীসটি হাসান সহীহ। আর এখানে السفووا বলতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম চাঁদনী রাতসমূহের ক্ষেত্রে এ শব্দ প্রয়োগ করেছেন যেহেতু এমন রাত্রে ফযর উদয়ের উজ্জলতা স্পষ্টভাবে বোঝা যায় না। এটা এজন্য যে, লোকেরা যেন ফযর উদয় হওয়ার দৃঢ় বিশ্বাস না হওয়া পর্যন্ত ফযরের সালাত আদায় না করে। কেননা, হাদীসে আমাদেরকে যে সময় ফযর সালাত আদায়ের বলা হয়েছে সে সময়ে আদায় করলে অত্যন্ত বেশি সওয়াব পাওয়া যাবে ঐ সময়ের চেয়ে যে সময় ফযর উদয়ের দৃঢ়তা না নিয়েই সালাত আদায় করা হবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবনু খাদীজ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন